



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।


হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

কর্পোরেশনের শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে একটি ফিডব্যাক সভা উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


(বিভাস সাহা)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বিষয়: কর্পোরেশনের শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

কর্পোরেশনের শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে একটি ফিডব্যাক সভা ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কমিটি রুম (লেভেল-১৮) হতে Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ কামাল হোসেন গাজী সভায় সভাপতিত্ব করেন। উক্ত সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন:

- | | |
|--|---|
| (০১) জনাব মোঃ কামাল হোসেন গাজী
উপ-ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি | (১১) জনাব রজত কান্তি দে
সহকারী মহাব্যবস্থাপক
সিলেট শাখা, আইসিবি |
| (০২) জনাব আব্দুল মোত্তালিব
উপ-মহাব্যবস্থাপক
রাজশাহী শাখা, আইসিবি | (১২) মিসেস শামীমা আক্তার বেগম
সহকারী মহাব্যবস্থাপক
সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট- ২, আইসিবি |
| (০৩) জনাব মোঃ নুহুল কবীর
উপ-মহাব্যবস্থাপক
চট্টগ্রাম শাখা, আইসিবি | (১৩) জনাব জাহাঙ্গীর হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি |
| (০৪) জনাব মোঃ মাহমুদুল হক
উপ-মহাব্যবস্থাপক
বরিশাল শাখা, আইসিবি | (১৪) জনাব মুহাম্মদ জসীম উদ্দিন খান
সহকারী মহাব্যবস্থাপক
সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট- ১, আইসিবি |
| (০৫) জনাব মোহাঃ সামছুল আলম আকন্দ
উপ-মহাব্যবস্থাপক
খুলনা শাখা, আইসিবি | (১৫) জনাব কফিল উদ্দিন পাটোয়ারী
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড |
| (০৬) জনাব মোঃ মাহাবুব-উল-আলম
উপ-মহাব্যবস্থাপক
সিলেট শাখা, আইসিবি | (১৬) জনাব অচ্যুতানন্দ দে
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড |
| (০৭) জনাব মোঃ নাসিমুল করিম
উপ-মহাব্যবস্থাপক
ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন ও সাবসিডিয়ারি
অ্যাফেয়ার্স ডিভিশন (যৌথ দায়িত্ব) | (১৭) জনাব সুদীপ্ত চৌধুরী
সিনিয়র অফিসার
চট্টগ্রাম শাখা, আইসিবি |
| (০৮) জনাব মোঃ ইলিয়াস কবির
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় কার্যালয়, আইসিবি | (১৮) জনাব মোঃ মোহাই মেনুল ইসলাম
সিনিয়র অফিসার
বগুড়া শাখা, আইসিবি |
| (০৯) জনাব বিভাস সাহা
উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, আইসিবি | (১৯) জনাব মোঃ শাফাত রহমান
অফিসার
খুলনা শাখা, আইসিবি |
| (১০) জনাব মোঃ মোশাররফ হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-২, আইসিবি | (২০) জনাব মোহাম্মদ শামীম পারভেজ
এক্সিকিউটিভ অফিসার
আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড |

০২. সভাপতি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কর্পোরেশনের বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব জাহাঙ্গীর হোসেন, সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট সভার সাচিবিক দায়িত্ব পালন করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভায় অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

চলমান পাতা- ০২




পাতা-০২

০৩. সভায় কর্পোরেশনের শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় অংশগ্রহণকারী শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের প্রতিনিধিগণ স্ব স্ব কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জিত হওয়ায় কর্পোরেশনের স্থানীয় কার্যালয়, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও বগুড়া শাখা এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ভবিষ্যতে এ ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে সচেতন থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। আইসিবি বরিশাল শাখা কর্তৃক শাখার নৈতিকতা কমিটির সভা ও অংশীজনের সভার নোটিশ ও কার্যবিবরণীর মূলকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবগত করা হয়। সভায় শাখার বিভিন্ন সভার প্রমাণাদির মূলকপি শাখায় সংরক্ষণপূর্বক সত্যায়িত ফটোকপি প্রতিবেদনের সাথে সংযুক্তকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। কর্পোরেশনের সিলেট শাখা এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর কতিপয় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হবে মর্মে সংশ্লিষ্ট শাখা এবং সাবসিডিয়ারি কোম্পানির প্রতিনিধিগণ সভাকে আশ্বস্ত করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রতিটি লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের স্বপক্ষে যথাযথভাবে প্রমাণক সরবরাহ ও বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।

০৪. সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) এর লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (০১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ায় কর্পোরেশনের স্থানীয় কার্যালয়, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও বগুড়া শাখা এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হলো;
- (০২) কর্পোরেশনের সিলেট শাখা এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো;
- (০৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রতিটি লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের স্বপক্ষে প্রমাণকসমূহ যথাযথভাবে সরবরাহকরণ, নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ এবং শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদির মূলকপি সংশ্লিষ্ট শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহে সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো; এবং
- (০৪) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) এর লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

০৫. সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে ও সকলের দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(বিভাস সাহা)
উপ-মহাব্যবস্থাপক


(মোঃ কামাল হোসেন গাজী)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১